গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (RPTI), সিলেট
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
টিবি হাসপাতাল রোড, পূর্ব শাহী ঈদগাহ, সিলেট।
www.rptisylhet.niport.gov.bd

স্মারক নং- ৫৯.১২.৯১০০.০২৪.২৫.০০৫.২৪-৪৯৯

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

# ভর্তি বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের অর্থায়নে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরী শিক্ষা অধিদপ্তরাধীন Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের আওতায় জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT) এর তত্ত্বাবধানে বেকার যুবক-যুবতীদের জন্য প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে পেশাগত জ্ঞান ও কারিগরি দক্ষতা বৃদ্ধি এবং মনোভাবের পরিবর্তন করে সেবাপ্রার্থীদের গুণগত সেবাপ্রদানসহ আত্মকর্মসংস্থানের সুযোগ তৈরির লক্ষ্যে নিম্নলিখিত সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে আয়োজিত ০৪ মাসমেয়াদী (৩৬০ ঘন্টা) প্রশিক্ষণ কর্মসূচিতে (অর্ধদিবস ও অনাবাসিক) সম্পূর্ণ বিনামূল্যে ভর্তি চলছে।

| প্রশিক্ষণ কর্মসূচির নাম | কোর্সের মেয়াদ (ব্যাচ) | আবেদনের সময়সীমা | নির্ধারিত যোগ্যতা |
|---|---|---|---|
| জেনারেল কেয়ারগিভিং (General Caregiving) | ১৭ ডিসেম্বর-১৬ এপ্রিল ২০২৪ খ্রি. (১ম) | ২৮ নভেম্বর - ১০ ডিসেম্বর ২০২৪ খ্রি. | এসএসসি/ সমমান উত্তীর্ণ |

| প্রতিষ্ঠানের নাম ও অবস্থান | মোবাইল নাম্বার | অধিক্ষেত্র জেলা |
|---|---|---|
| আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (RPTI), সিলেট<br>টিবি হাসপাতাল রোড, পূর্ব শাহী ঈদগাহ, সিলেট। | ০১৭১১৩৬৩৩০৪ | সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ ব্রাহ্মণবাড়িয়া |

উল্লেখ্য, প্রতি ব্যাচে ১৮ জন মহিলা ও ০৭ জন পুরুষ প্রার্থী প্রশিক্ষণের সুযোগ পাবেন। আগ্রহী নারী ও পুরুষ প্রার্থীদেরকে উল্লিখিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহ থেকে নির্ধারিত আবেদন ফরম (নমুনা ফরম www.niport.gov.bd ওয়েবসাইট দ্রষ্টব্য) সংগ্রহ করে উল্লিখিত নির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহে আবেদন (নিম্নলিখিত কাগজপত্র সহ) জমা প্রদানের জন্য আহ্বান করা হচ্ছে। কেয়ারগিভার হিসেবে কাজের অভিজ্ঞতা রয়েছে এবং পারিবারিকভাবে অসুস্থ/বৃদ্ধ ব্যক্তির সেবায় নিয়জিত প্রার্থীরা প্রশিক্ষণে অগ্রাধিকার পাবেন। পুরুষ-মহিলার সংখ্যা কর্তৃপক্ষ কম বেশী করতে পারবেন।

<u>সুবিধাসমূহ:</u>

- প্রশিক্ষণটি সম্পূর্ণ বিনামূল্যে এবং প্রশিক্ষণার্থীদের নির্ধারিত হারে মাসিক ভাতা প্রদান করা হবে (পুরুষ-১৫০০ ও মহিলা-২০০০ টাকা);
- প্রশিক্ষণার্থীদের যাতায়াত বাবদ জনপ্রতি দৈনিক ১০০ টাকা প্রদান করা হবে এবং প্রশিক্ষণটি অর্ধদিবস ও অনাবাসিক;
- সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের দক্ষতা যাচাই সাপেক্ষে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে দেশে-বিদেশে সংশ্লিষ্ট পেশায় কর্মসংস্থানের সুযোগ থাকবে;
- প্রশিক্ষণার্থীদের উপস্থিতি ৯০% থাকতে হবে এবং প্রশিক্ষণ শেষে কৃতকার্য প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হবে।

<u>শর্তসমূহ:</u>

- আবেদনকারীর বয়স ১০ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের মধ্যে (আবেদনের শেষ তারিখ) ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে (কোন এফিডেফিট গ্রহণযোগ্য নয়);
- নিষ্ঠার সাথে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে এবং প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট পেশায় কাজ করায় আগ্রহী হতে হবে;
- প্রশিক্ষণ কর্মসূচিটি অনাবাসিক ও অর্ধদিবসব্যাপী হওয়ার শুধুমাত্র সম্পূর্ণ মেয়াদে উপস্থিতি নিশ্চিতকারীদের থেকে আবেদন আহ্বান করা হচ্ছে;
- প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে সুঠাম দেহের অধিকারী হতে হবে এবং দরিদ্র/সংখ্যালঘু/ক্ষুদ্র নৃগোষ্ঠী/বিধবা নারীদের অগ্রাধিকার দেয়া হবে;
- প্রাথমিকভাবে বাছাইকৃত (১১-১২-২০২৪ খ্রি. তারিখে তালিকা প্রকাশ) প্রার্থীদের ১১-১২ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- প্রশিক্ষণের জন্য প্রার্থী বাছাই, ব্যাচের সময়সূচি নির্ধারণ ও অন্যান্য সম্পর্কিত সকল বিষয়ের অধিকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

<u>আবেদন ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্র :</u> সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ল্যাবপ্রিন্ট ছবি, হালনাগাদ জাতীয় পরিচয়পত্র ও ডিজিটাল জন্ম নিবন্ধন সনদের ফটোকপি, সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে এসএসসি অথবা সমমান সনদ) দাখিল করতে হবে।
**বিস্তারিত তথ্যের জন্য উল্লিখিত ঠিকানায় ও মোবাইলে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

২৮.১১.২০২৪

**(মো. রিয়াজুল হক)**
**অধ্যক্ষ**
আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট, সিলেট
মোবাইল : ০১৬৭১-১৩২৬৬৯
ই-মেইল: fwvtisylhet10@gmail.com